**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 08-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Ashtalakshmi Mahotsav:**

কেন্দ্রীয় উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া গতকাল নতুনদিল্লির ভারত মণ্ডপমে আয়োজিত অষ্টলক্ষ্মী মহোৎসবের প্রথম প্রযুক্তিগত অধিবেশনে ভাষণ দেন। তিনি বিকশিত ভারতের জন্য উত্তর পূর্বের অগ্রগতিকে অনুঘটক করা বিষয়ে, মেঘালয়, সিকিম এবং ত্রিপুরার মুখ্যমন্ত্রীদের সঙ্গে আলোচনায় ভাষণ দেন। তিনি বলেন যে বিশ্বের ভূ-রাজনৈতিক ব্যবস্থা বৈশ্বিক দক্ষিণের দিকে স্থানান্তরিত হচ্ছে এবং উত্তরপূর্বাঞ্চলের এই উন্নয়নে মূল অংশীদার হওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি বলেন কেন্দ্র উত্তরপূর্বাঞ্চলের প্রতিটি রাজ্যের বৈশিষ্ট্যগুলির উন্নতিতে এবং পর্যটন থেকে শুরু করে কৃষি ও উদ্যানজাত পণ্য বিশ্বের কাছে উপস্থাপন করতে সহায়তা করছে। তিনি প্রকৃত উন্নয়নের জন্য, রাজ্যগুলিকে এর অংশীদার হয়ে কেন্দ্র ও একে অপরের সঙ্গে আরও সহযোগিতা করার আহ্বান জানান। আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, ত্রিপুরায় সার্বিক ক্ষেত্রে উন্নয়নের কর্মযজ্ঞ চলছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ত্রিপুরায় বিমান পরিষেবা থেকে শুরু করে রেল পরিষেবা, ইন্টারনেট সর্বক্ষেত্রেই ত্রিপুরা উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে।

*****************************

**ADC Meeting:**

এডিসির কৃষি দপ্তরের মিলনায়তনে ভুমিলেখ্য ও ভূমি বন্দোবস্ত দপ্তরের উদ্যোগে ২২টি সাব ডিভিশন কমিটি ও জোন্যাল, সাব জোন্যালের চেয়ারম্যান এবং আধিকারিকদের নিয়ে আলোচনা সভা

হয়। সভায় দপ্তরের নির্বাহী সদস্য ভবরঞ্জন রিয়াং এর সভাপতিত্বে এডিসি এলাকায় বসবাসরত জনগণদের খাস জায়গা জমি বরাদ্ধ বিষয়ে স্থানীয় সাবজোন্যালে আবেদন করার সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় উপস্থিত ছিলেন শিক্ষা দপ্তরের নির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, স্বাস্থ্য দপ্তরের নির্বাহী সদস্য কমল কলই প্রমুখ।

***************************

**Sushanta Chowdhury Promo Fest:**

গতকাল সচিবালয়ে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরহিত্যে ত্রিপুরা ট্যুরিজম প্রোমো ফেস্ট-কে সামনে রেখে এক সভার আয়োজন করা হয়। আগামী ৯ই ডিসেম্বর নীরমহলের রাজঘাটে এবং ১১ই ডিসেম্বর জম্পুই হিলে আয়োজিত প্রোমো ফেস্ট-কে সম্পন্ন করার জন্য পর্যটন দপ্তরের অধিকর্তা, ধলাই ও সিপাহীজলা জেলার জেলা শাসক, পুলিশ সুপার, কাঞ্চনপুর ও সোনামুড়া মহকুমার মহকুমা শাসকদের সাথে অনুষ্ঠানের যাবতীয় প্রস্তুতি নিয়ে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে আলোচনা করেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী।

************************

**Special 100-day campaign: PM**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, যক্ষমার বিরুদ্ধে দেশের লড়াই ১০০ দিনের বিশেষ অভিযানের মাধ্যমে আরও শক্তিশালী হয়েছে। সামাজিক মাধ্যমে শ্রী মোদী বলেছেন, রোগীদের দ্বিগুণ সহায়তা, জনভাগীদারী, নতুন ওষুধ, প্রযুক্তির ব্যবহার এবং আরও ভাল ডায়াগনস্টিক সরঞ্জামের মাধ্যমে ভারত বহুমুখী পদ্ধতিতে যক্ষমার বিরুদ্ধে লড়াই করছে। তিনি সকলকে একত্রিত হয়ে যক্ষমা দূরীকরণে তাঁদের অবদান রাখার আহ্বান জানান। এর আগে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডার একটি পোস্টের জবাবে প্রধানমন্ত্রী বলেন, 'নিক্ষয় মিত্র" এবং সংক্ষিপ্ত ও কার্যকর চিকিৎসার মতো উদ্যোগগুলি যক্ষমার প্রকোপকে উল্লেখযোগ্যভাবে

হ্রাস করেছে, সুস্থতার হারকে উন্নত করেছে এবং যক্ষমার বিরুদ্ধে লড়াইয়ে ভারত সারা বিশ্বের কাছে উদাহরণ স্বরূপ হয়ে দাঁড়িয়েছে।

***************************

**TB Eradication:**

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জেপি নাড্ডা বলেছেন যে টিবি-মুক্ত ভারতের লক্ষ্য অর্জনে কোন যেকোনো বাধাই অতিক্রম করা হবে। পঞ্চকুলা থেকে এক অনুষ্ঠানে দেশব্যাপী ১০০দিনের যক্ষমা নির্মূল অভিযানের সূচনা করে তিনি বলেন টিবি নির্মূল কর্মসূচি ২০২৫ সালের মধ্যে দেশকে যক্ষমা মুক্ত করার ক্ষেত্রে একটি মাইলফলক হিসাবে প্রমাণিত হবে। টিবি রোগীরা আয়ুষ্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার সুবিধা পাচ্ছেন। হরিয়ানার মুখ্যমন্ত্রী নয়াব সিং সাইনি এবং স্বাস্থ্যমন্ত্রী কুমারী আরতি সিং রাও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ৩৩টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৩৪৭টি জেলায় প্রচার অভিযান শুরু হয়েছে।

*************************

**State Road Safety Committee:**

সচিবালয়ে গতকাল রাজ্য সড়ক সুরক্ষা কমিটির বৈঠকে পরিবহণ দপ্তরের সচিব সি কে জমাতিয়া সড়ক সুরক্ষা বিষয়ে স্কুল, কলেজে জনসচেতনতামূলক কর্মসূচি গ্রহণের পাশাপাশি মহড়া আয়োজনের উপর গুরুত্ব আরোপ করেন। এক্ষেত্রে তিনি ট্রাফিক, অগ্নিনির্বাপক ও জরুরি পরিষেবা এবং পরিবহণ দপ্তরকে যৌথভাবে কাজ করার পরামর্শ দেন। বৈঠকে পরিবহণ দপ্তরের অতিরিক্ত সচিব সুব্রত চৌধুরী সড়ক সুরক্ষা বিষয়ে দপ্তরের কাজকর্মের সাফল্য, সড়ক দুর্ঘটনা রোধে গৃহীত প্রতিরোধমূলক

পদক্ষেপ, ভবিষ্যত কর্মপরিকল্পনা ও নতুন উদ্যোগসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

************************

**Science Exhibition:**

ধর্মনগরে গতকাল জেলাভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনী ও বিজ্ঞান সেমিনার অনুষ্ঠিত হয়। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে ২ দিনব্যাপী আয়োজিত এই বাল বৈজ্ঞানিক প্রদর্শনী অনুষ্ঠানের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ। এদিনের বাল বৈজ্ঞানিক প্রদর্শনীতে জেলার বিভিন্ন বিদ্যালয় থেকে ৪৫টি মডেল প্রদর্শন করা হয়।

***********************

**জাতীয় স্কুল ফুটবল**:

অনূর্ধ্ব ১৭ বছরের মেয়েদের স্কুল ফুটবলে গ্রুপের দ্বিতীয় খেলায়ও ত্রিপুরা জয় পেয়েছে। জম্মুতে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ৩-১ গোলে আই পি এস সি দলকে হারিয়ে দেয়। রাজ্যদলের পক্ষে শ্রীয়া দেব হ্যাটট্রিক করে।

************************

**Jolaibari Block Level Sports Meet:**

গোমতী জেলা নেহেরু নেহেরু যুব কেন্দ্রের উদ্যোগে এবং কুষারঘাট তরুণ সংঘের ব্যবস্হাপনায় গতকাল দক্ষিন জেলার জোলাইবাড়ি ব্লকের উঁচুই বাড়ি স্কুল মাঠে ব্লক ভিত্তিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ছেলেদের ভলিবল, দৌড় ও ব্যডমিন্টন এবং মেয়েদের দড়ি টানাটানি, সহ ৩টি ইভেন্টে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মোট ১৫০ জনের বেশি এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে।

***********************

**Weather:**

রাজ্যে জাঁকিয়ে পড়তে শুরু করেছে শীত। আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালের দিকে কুয়াশা পরিলক্ষিত হয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৫ ডিগ্রি সেলসিয়াস।

**************************